

বিজিএ/কাস/২০২২/১৮৭

০১ সেপ্টেম্বর, ২০২২

সম্মানিত সকল সদস্যের জন্য


বিষয়: নিবাসী ব্যক্তি কর্তৃক ধারণকৃত বৈদেশিক মুদ্রা নগদায়ন/জমাকরণ প্রসঙ্গে।

এতদ্বারা সম্মানিত সকল সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিবাসী বাংলাদেশি ব্যক্তি বিদেশ থেকে সঙ্গে আনা অনধিক দশ হাজার মার্কিন ডলার বা সমমূল্যমানের বৈদেশিক মুদ্রা নিজের কাছে বা অনুমোদিত ডিলার ব্যাংকে রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাবে জমা রাখতে পারেন, পরবর্তী বিদেশ যাত্রায় উক্ত বৈদেশিক মুদ্রা সঙ্গে নিয়েও যেতে পারেন। দশ হাজার মার্কিন ডলারের অতিরিক্ত পরিমাণ আনীত বৈদেশিক মুদ্রা দেশে আসার এক মাসের মধ্যে অনুমোদিত ডিলার ব্যাংকে/লাইসেন্সধারী মানিচেঞ্জারের কাছে বিক্রি বা রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাবে জমা রাখা নিবাসী বাংলাদেশি নাগরিকদের জন্য বাধ্যতামূলক।

উপরোক্ত প্রাধিকার বহির্ভূত বৈদেশিক মুদ্রা ধারণ করা ফরেন এক্সচেঞ্জ রেগুলেশন অ্যাক্ট, ১৯৪৭ এর আওতায় দণ্ডনীয় অপরাধ। উক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক একটি সার্কুলার জারি করেছে।

এ সংক্রান্ত সার্কুলার নাম্বার ডিসিপি(পিআর) ০৫/২০২২-৩০১, তারিখঃ ৩১/০৮/২০২২ আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

— বাংলাদেশ তৈরি —



বাংলাদেশ ব্যাংক প্রেস বিজ্ঞপ্তি

BANGLADESH BANK PRESS RELEASE

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন এন্ড পাবলিকেশন

সূত্র নং : ডিসিপি(পিআর) ০৫/২০২২-৩০১

তারিখ : ৩১ আগস্ট, ২০২২

প্রধান বার্তা সম্পাদক,
ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া
ঢাকা।

নিবাসী ব্যক্তি কর্তৃক ধারণকৃত বৈদেশিক মুদ্রা নগদায়ন/জমাকরণ প্রসঙ্গে

নিবাসী বাংলাদেশি ব্যক্তি বিদেশ থেকে সঙ্গে আনা অনধিক দশ হাজার মার্কিন ডলার বা সমমূল্যমানের বৈদেশিক মুদ্রা নিজের কাছে বা অনুমোদিত ডিলার ব্যাংকে রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাবে জমা রাখতে পারেন, পরবর্তী বিদেশ যাত্রায় উক্ত বৈদেশিক মুদ্রা সঙ্গে নিয়েও যেতে পারেন। দশ হাজার মার্কিন ডলারের অতিরিক্ত পরিমাণ আনীত বৈদেশিক মুদ্রা দেশে আসার এক মাসের মধ্যে অনুমোদিত ডিলার ব্যাংকে/লাইসেন্সধারী মানিচেঞ্জারের কাছে বিক্রি বা রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাবে জমা রাখা নিবাসী বাংলাদেশি নাগরিকদের জন্য বাধ্যতামূলক।

উপরোক্ত প্রাধিকার বহির্ভূত বৈদেশিক মুদ্রা ধারণ করা ফরেন এক্সচেঞ্জ রেগুলেশন অ্যাক্ট, ১৯৪৭ এর আওতায় দণ্ডনীয় অপরাধ। প্রাধিকারভুক্ত নয় এমন বৈদেশিক মুদ্রা নিবাসী বাংলাদেশির নিকট থাকলে তা আগামী সেপ্টেম্বর ৩০, ২০২২ এর মধ্যে অনুমোদিত ডিলার ব্যাংকে/লাইসেন্সধারী মানিচেঞ্জারের কাছে বিক্রি করার জন্য অনুরোধ করা যাচ্ছে। নির্দিষ্ট সময়ের পর অননুমোদিত বৈদেশিক মুদ্রা নিবাসী ব্যক্তির নিকট পাওয়া গেলে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ধন্যবাদান্তে,

(সায়দা খানম)

পরিচালক (এক্স ক্যাডার-প্রকাশনা)

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন এন্ড পাবলিকেশন

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

মোবাইল: ০১৭১১১৫৪৭৭৮ টেলিফোন: ৯৫৩০৩০০

E-mail: sayeda.khanam@bb.org.bd